



কুমিল্লা: স্টুডেন্ট কেবিনেট নির্বাচনে লাইনে দাঁড়িয়ে ভোট প্রদান করে শিক্ষার্থীরা

—ইত্তেফাক

কুমিল্লায় শিক্ষার্থীদের নির্বাচনী উৎসব

■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লার দুটি উপজেলায় বড় আয়োজনের মধ্য দিয়ে ক্ষুদে শিক্ষার্থীদের স্টুডেন্ট কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। গত শনিবার সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত জেলার আদর্শ সদর ও সদর দক্ষিণ উপজেলার ৭৬টি বিদ্যালয় ও মাদ্রাসায় এ নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে ভোটার ছিল অর্ধ লক্ষাধিক শিক্ষার্থী। নির্বাচন দেখতে স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসনের কর্মকর্তা থেকে শুরু করে ঢাকা থেকে ছুটে এসেছেন শিক্ষা মন্ত্রণালয়ের একাধিক কর্মকর্তা। ভোট গ্রহণের জন্য প্রিজাইডিং, সহকারী প্রিজাইডিং, পোলিং এজেন্ট, পুলিশ, আনসার নিয়োজিত ছিল। এদের সবাই ছিল শিক্ষার্থী। নির্বাচনী প্রক্রিয়ায় প্রধান নির্বাচন কমিশনার এবং নির্বাচন কমিশনারও দায়িত্ব পালন করেন প্রতিটি নির্বাচন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষার্থী।

জানা যায়, শনিবার কুমিল্লার আদর্শ সদর উপজেলার ৬৩টি এবং সদর দক্ষিণ উপজেলার ১৩টি স্কুল ও মাদ্রাসায় শান্তিপূর্ণভাবে ওই নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে মোট ভোটার ছিল ৫১ হাজার ৫৪০ জন। এর মধ্যে ২৯ হাজার

৩০৭ জন ছাত্রী এবং ২২ হাজার ২৩৩ জন ছাত্র। ৬ষ্ঠ থেকে ১০ শ্রেণি পর্যন্ত পাঁচ ক্লাসে ৫ জন এবং সর্বাধিক ভোটার যে কোনো শ্রেণি থেকে আরো ৩ জন নির্বাচিত করার জন্য শিক্ষার্থীরা গোপন বুথে গিয়ে ব্যালটের মাধ্যমে ৮ জনকে ভোট দেয়। বিকাল সাড়ে ৪টার পর থেকে ফলাফল ঘোষণা করা শুরু হয়। নগরীর নবাব ফয়জুল্লাহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রেলওয়ে পাবলিক উচ্চ বিদ্যালয় ও মডার্ন হাই স্কুলে ক্ষুদে ভোটাররা সুশৃঙ্খলভাবে লাইনে দাঁড়িয়ে ভোট দিতে দেখা গেছে।

আদর্শ সদর উপজেলা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ ইকবাল হাসান জানান, আইনের প্রতি শ্রদ্ধাশীল থেকে লাইনে দাঁড়িয়ে ক্ষুদে শিক্ষার্থীদের এ ভোট দেয়ার পদ্ধতি সত্যিই বিশ্বয়ের ব্যাপার ছিল। জেলা শিক্ষা অফিসার আবদুল মজিদ জানান, ক্ষুদে শিক্ষার্থীদের মাঝে এ নির্বাচনী প্রক্রিয়া দেখতে ঢাকা থেকে কুমিল্লায় ছুটে এসেছেন ব্যানবেইসের পরিচালক মোঃ ফসিউল্লাহ। তিনিও স্টুডেন্ট কেবিনেট নির্বাচনী উৎসব দেখতে গিয়ে ক্ষুদে শিক্ষার্থীদের সাথে কথা বলে তাদের প্রশংসা করেছেন।